গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
আইসিটি শাখা

# জেলা আইসিটি বিষয়ক সেপ্টেম্বর ২০১৯ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | এ.কে.এম. তাজকির-উজ-জামান<br>জেলা প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ১৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রি. |
| সভার সময় | দুপুর ১২.৪৫ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ, চাঁপাইনবাবগঞ্জ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সম্মানিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় আগস্ট ২০১৯ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় । কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। সভাকে অবহিত করা হয় যে, এ কার্যালয়ে ০১ জুলাই ২০১৯ হতে হার্ডফাইলিং এর কার্যক্রম বন্ধ করে পুরোদমে ই-ফাইলিং সিস্টেমের কার্যক্রম শুরু হয়েছে। জেলা ও উপজেলা পর্যায়ে কর্মকর্তা ও কর্মচারীদের ইতোমধ্যে ই-ফাইলিং সিস্টেম সম্পর্কে প্রশিক্ষণ দেয়া হয়েছে এবং প্রায় সকল অফিসে ই-ফাইলিং চালু হয়েছে। ইতোমধ্যে দুইটি শিফটে বিভিন্ন কার্যালয়ের ৫০ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সভায় দক্ষ মানব সম্পদ গড়ে তোলার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে দক্ষতা অর্জনের উপর গুরুত্বারোপ করে তথ্য প্রযুক্তি বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য সবাইকে অনুরোধ জানানো হয় । অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী আলোচনার জন্য সদস্য সচিব ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ও আইসিটি), চাঁপাইনবাবগঞ্জকে আহবান জানানো হয়।

সদস্যসচিব ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ও আইসিটি), চাঁপাইনবাবগঞ্জ জানান, মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা মহোদয়ের নির্দেশনা মোতাবেক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মাঠ পর্যায়ের (জেলা ও উপজেলা) অফিসসমূহ ই-ফাইলিং সিস্টেম প্রধান কার্যালয়ের সাথে সংযুক্ত করার কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া উপজেলা পর্যায়ে আইসিটি বিষয়ক কমিটির নিয়মিত সভা আহবান এবং কার্যবিবরণী সংশ্লিষ্ট দপ্তরসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য বলা হয়েছে। ডিজিটাল বাংলাদেশ বিনিম©vণে সবাইকে এগিয়ে আসার জন্য তিনি আহবান জানান। এ ছাড়াও প্রকল্প পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর মহোদয়ের ১৯.৫.২০১৯ তারিখের ৫৬.৪২.০০০০.০১০.৩০.০০২.১৮.৫০ নম্বর স্মারকে ডিজিটাল সেন্টার থেকে এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে সামাজিক নিরাপত্তা বেষ্ঠনীর ভাতাসহ অন্যান্য প্রকল্পের ভাতা/আর্থিক সুবিধা প্রদানের বিষয়টি বিবেচনার জন্য অনুরোধ করা হয়েছে। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ
সিদ্ধান্তসমূহঃ

১) উপজেলা পর্যায়ে উপজেলা আইসিটি বিষয়ক সভা প্রতিমাসে অনুষ্ঠিত হবে এবং এ সংক্রান্ত কার্যবিবরণী ক) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা খ) মহাপরিচালক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা গ) বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগসহ এ কার্যালয়ে যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানানো হয়।

২) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা মহোদয়ের নির্দেশনা মোতাবেক ই-ফাইলিং কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে সকলের সম্মিলিত প্রচেস্টা ই-ফাইল কার্যক্রমে গতিশীলতা আনয়ণে অগ্রগামি ভূমিকা রাখতে পারে। এ বিষয়ে উপজেলা পর্যায়ে সকল অফিসসমূহে ই-ফাইলিং জোরদারকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানানো হয়।

৩)  মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা মহোদয়ের ২৩.০৭.২০১৯ খ্রি. তারিখের ৫৬.০৪.০০০০.০০৮. ৪৩. ০০১.১৮- ১১৪ নম্বর স্মারকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মাঠ পর্যায়ের (জেলা ও উপজেলা) অফিসসমূহ ই-ফাইলিং সিস্টেমে প্রধান কার্যালয়ের সাথে সংযুক্ত করার নির্দেশনা দ্রুত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানানো হয়।

৪) চাঁপাইনবাবগঞ্জ জেলার ৫৩টি শেখ রাসেল ডিজিটাল ল্যাবে আইসিটি কমিটি গঠনের মাধ্যমে আইসিটি ক্লাব গঠন করা হয়েছে। গঠিত ক্লাবসমূহ নিজ উদ্যোগে ০৩ (তিন) মাস পর পর আইসিটি ফেয়ারের আয়োজন করবে। মেলা, বিজ্ঞান বিষয়ক বিতর্ক প্রতিযোগিতা, শ্রেণিভিত্তিক বিভিন্ন প্রেজেন্টেশন ও কুইজ প্রতিযোগিতার আয়োজন করবে। এর ফলে সকল ল্যাবে শিক্ষক ও শিক্ষার্থীদের মাঝে আইসিটি সংক্রান্ত বিভিন্ন উদ্ভাবনী পাইলট উদ্দ্যোগ উঠে আসবে- যা শিক্ষার্থীদের মাঝে ডিজিটাল বাংলাদেশ বির্নিমানে আগ্রহী হতে উদ্বুদ্ধ করবে। চলতি সেপ্টেম্বর ২০১৯ মাসে আইসিটি ফেয়ারের জন্য নির্ধারিত প্রতিষ্ঠানের তালিকা নিম্নে উল্লেখ করা হলো। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও উপজেলা নির্বাহী অফিসারগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।

| ক্রঃনং | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | প্রতিষ্ঠান প্রধানের নাম | মোবাইল নম্বর | উপজেলার নাম |
|---|---|---|---|---|
| ০১. | বর্দ্ধাই চন্ডীপুর বাইলকাপাড়া আলিম মাদ্রাসা | মো: সোলাইমান | 01715673490 | নাচোল |
| ০২. | শাহাবাজপুর ইউ.সি. উচ্চ বিদ্যালয় | মোহাঃ ওসমান গনি | 01717256442 | শিবগঞ্জ |
| ০৩. | দিয়ার মহাবিদ্যালয় | রুহুল আমিন | 01728949610 | চাঁপাইনবাবগঞ্জ সদর |
| ০৪. | নেজামপুর উচ্চ বিদ্যালয় | মো: জহির উদ্দিন | 01714425324 | নাচোল |
| ০৫. | কর্নখালি এহইয়াউল উলুম দাখিল মাদ্রাসা | মুহঃ সাদিকুল ইসলাম | 01710423158 | শিবগঞ্জ |
| ০৬. | আলীনগর বালিকা উচ্চ বিদ্যালয় | মোঃ আলাউদ্দিন | 01714602852 | গোমস্তাপুর |

৫) তৃণমূল পর্যায় থেকে জুন ২০১৯ মাস থেকেই শুরু হয়েছে প্রতিটি ইউনিয়ন থেকে সকল শেখ রাসেল ডিজিটাল ল্যাবের শিক্ষা প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড নেটওয়ার্ক সংযোগ প্রদান কার্যক্রম। এ বিষয়ে সকল প্রতিষ্ঠান প্রধানকে পত্র দেয়া হয়েছে। ব্রডব্যান্ড নেটওয়ার্ক সংযোগ প্রদান কাজ সম্পন্ন হওয়ার সাথে সাথে এ কার্যালয়কে অবহিত করার জন্য ল্যাব সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ জানানো হয়।

৬)  বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর নির্দেশনা মোতাবেক ইনফো সরকার (৩য় পর্যায়) প্রকল্পের আওতায় সরবরাহকৃত wi-fi রাউটার PoP কক্ষ থেকে স্থানান্তর করে উদ্যোক্তার কক্ষে স্থাপন করে সুবিধা সহজলভ্য করার জন্য নির্বাহী এ্যাসোসিয়েট, ফাইবার এট হোম লিমিটেড, চাঁপাইনবাবগঞ্জকে এবং PoP কক্ষের রাত্রিকালিন নিরাপত্তা নিশ্চিতের লক্ষ্যে গ্রামপুলিশ নিয়োগের জন্য ইউপি চেয়ারম্যানকে নির্দেশনা প্রদানের নিমিত্তে উপপরিচালক, স্থানীয় সরকার, চাঁপাইনবাবগঞ্জকে পত্র দেয়া হয়েছে। এ বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানানো হয়।

৭)  উপজেলা ইনোভেশন কমিটির সভা নিয়মিত আয়োজন করে এ কার্যালয়সহ সংশ্লিষ্ট সকল উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করতে হবে। সভায় উপজেলা পর্যায়ের উদ্ভাবনী পাইলট উদ্যোগসমূহ যাচাই বাছাই অন্তে সর্বাধিক জনগুরুত্বপূর্ণ উদ্যোগে বাছাইপূর্বক বাস্তবায়নের রূপ কাঠামো তৈরী করে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানানো হয়।

৮)  সকল দপ্তরের ওয়েব সাইট হালনাগাদকরণের জন্য জেলা ও উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাদের এ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হলেও লক্ষ্য করলে দেখা যায় অধিকাংশ দপ্তরের ওয়েব সাইট হালনাগাদ করা নেই। দ্রুততম সময়ের মধ্যে নিজ নিজ দপ্তরের ওয়েব সাইট কর্মকর্তাদের নাম, ছবি, মোবাইল নম্বর, কর্মস্থলের যোগদানের তারিখ, ই-মেইল আইডি প্রস্তুত ও সর্বশেষ তথ্য আপলোডের মাধ্যমে হালনাগাদকরণের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে পুনরায় অনুরোধ করা হয়।

৯) রূপকল্প ২০২১ বাস্তবায়নে সরকারি সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকার নির্দেশনা ডিজিটাল সেন্টার থেকে এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে সামাজিক নিরাপত্তা বেষ্ঠনীর ভাতাসহ অন্যান্য প্রকল্পের ভাতা/আর্থিক সুবিধা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

Azaman

এ.কে.এম. তাজকির-উজ-জামান
জেলা প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ০৫.৪৩.৭০০০.০২৩.০৬.০০১.১৯.২৭৩

তারিখ: ৭ আশ্বিন ১৪২৬
২২ সেপ্টেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম
৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৪) মোহাম্মদ মাহবুব আলম খান, পুলিশ সুপার, পুলিশ সুপারেরর কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
৫) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
৬) অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
৭) উপপরিচালক , উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, চাঁপাইনবাবগঞ্জ
৮) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
৯) অধ্যক্ষ, নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ
১০) অধ্যক্ষ, চাঁপাইনবাবগঞ্জ সরকারী মহিলা কলেজ, চাঁপাইনবাবগঞ্জ
১১) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, চাঁপাইনবাবগঞ্জ
১২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, চাঁপাইনবাবগঞ্জ
১৩) সহকারী প্রকৌশলী, বিটিসিএল, চাঁপাইনবাবগঞ্জ
১৪) প্রধানশিক্ষক, হরিমোহন সরকারি উচ্চ বিদ্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
১৫) প্রধানশিক্ষক, নবাবগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
১৬) অধ্যক্ষ, টিটিসি, চাঁপাইনবাবগঞ্জ
১৭) পরিচালক, কারুকা কম্পিউটার, চাঁপাইনবাবগঞ্জ
১৮) মোঃ শামীম রেজা, ডিজাইনার, সততা অফসেট প্রিন্টার্স, চাঁপাইনবাবগঞ্জ
১৯) প্রোগ্রামার , জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
২০) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

Azaman

এ.কে.এম. তাজকির-উজ-জামান
জেলা প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব)